

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৮৮১

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - যুদ্ধাস্ত্রের প্রস্তুতিকরণ

### আরবী

وَعَنْ أَبِي وَهَبٍ الْجُشَمِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ارْتَبِطُوا الْخَيْلَ وَامسحُوا بنواصيها وأعجازِها أو قَالَ: كفالِها وَقَلِّدُوهَا وَلَا تُقَلِّدُوهَا الْأَوْتَارَ . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالنَّسَائِيِّ

#### বাংলা

৩৮৮১-[২১] আবৃ ওয়াহব আল জুশামী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা ঘোড়াগুলোকে (যুদ্ধাভিযানের জন্য) সযত্নে বেঁধে রাখ এবং সেগুলোর মাথা ও নিতম্বের উপর হাত বুলাও। অথবা তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, তাদের গলায় মালা পরাও; কিন্তু গলায় ধনুকের তূণের মালা বেঁধো না। (আবৃ দাউদ, নাসায়ী)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ২৫৫৩, নাসায়ী ৩৫৬৫, আহমাদ ১৯০৩২। কারণ এর সনদে 'আকীল বিন শাবীব একজন মাজহূল রাবী।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَامْسَحُوْا بِنَوَاصِيْهَا وَأَعْجَازِهَا) "তার কপালের ঝুটি এবং পশ্চাদেশ মুছে দাও।" ইবনু মালিক বলেনঃ মুছে দেয়ার দ্বারা উদ্দেশ্য ধূলা-বালি থেকে ঘোড়া পরিষ্কার রাখা এবং তার সতেজতা নিরীক্ষণ করা।

তেই নিট্রিটিই এই দুর্কের ত্নের মালা পড়াবে না।" কেননা কোনো কোনো সময় ঘোড়া গাছের পাতা খেয়ে থাকে অথবা গাছের সাথে তার কাঁধ চুলকায়, ফলে ধনুকের শক্ত ছিলা তার গলায় পেঁচিয়ে ফাঁস লেগে যেতে পারে। অথবা জাহিলী যুগে লোকেরা ঘোড়ার গলায় ধনুকের ছিলা বেঁধে দিত যাতে চোখ লাগা থেকে রক্ষা পায়। তাই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা বাঁধতে নিষেধ করেছেন।



(মিরকাতুল মাফাতীহ ৭ম খন্ড ৪০২ পৃঃ; 'আওনুল মা'বৃদ ৫ম খন্ড, হাঃ ২৫৫০)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ ওয়াহাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন